

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনা
২। পূর্বানুমোদিত দরের কপি।
৩। বিভাগীয় প্রাক্কলন

বিষয়: Supply SS net, frame & related others for safety of different air duct শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং- ০১ হতে ০৩ দয়া করে যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষণিক সচল আছে। শোধনাগারে WTP, IPS & BPS ইউনিটে বিদ্যমান মেশিনারীজগুলো সচল রাখার জন্য বিভিন্ন ধরনের প্রিভেনটিভ ও কারেকটিভ মেইনটেন্যান্স কাজ করতে হয়। এছাড়া ট্রিটেড ওয়াটার রিজার্ভার এর উপরের ইটের এয়ার ভেন্টিলেটরগুলোর নেট ছিড়ে যাওয়ার কারনে বিভিন্ন ধরনের ধুলাবালি ও পোকামাকর ভিতরে যাওয়ার সম্ভবনা থাকে। তাই এয়ার ভেন্টিলেটরগুলোর নেট ও ফ্রেম মেরামত রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। উল্লেখিত এয়ার ভেন্টিলেটরগুলোর মেরামত ও রক্ষণাবেক্ষণের করার জন্য প্রয়োজনীয় নেট ও ফ্রেম সংগ্রহ করা হলে ট্রিটেড ওয়াটার ট্যাঙ্কের ভিতরে বিভিন্ন ধরনের ধুলাবালি ও পোকামাকর অনুপ্রবেশ রোধ করা সম্ভব হবে। তাই শোধনাগার সুস্থভাবে সচল রাখার জন্য অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধার্থে প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা প্রয়োজন। বর্ণিত কাজসমূহ সম্পাদনের নিমিত্তে অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনায় " Supply SS net, frame & related others for safety of different air duct" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-০১ দৃষ্টব্য)।

২। শোধনাগার সুস্থভাবে সচল রাখার জন্য অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধার্থে প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করার লক্ষ্যে পূর্বানুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-২ ও ৩ দৃষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ সর্বমোট ৳২,৯৯,০০০.০০/(টাকা দুই লক্ষ নিরানব্বই হাজার মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-270; প্যাকেজ নং-APP/25-26/G/183) নির্বাহ করে পিপিআর-২০২৫ এর বিধি- ৯৯ অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।


৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার সুস্থভাবে সচল রাখার জন্য অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধার্থে প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করার লক্ষ্যে " Supply SS net, frame & related others for safety of different air duct" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ


ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি- ৯৯ অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার "শাকিল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস" এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।


খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳২,৯৯,০০০.০০/(টাকা দুই লক্ষ নিরানব্বই হাজার মাত্র)। টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।


গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-270; প্যাকেজ নং-APP/25-26/G/183) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।



20.05.26
Amit Bishwas
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA


20/05/26
Mahmud Riyad
Sub-Divisional Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA


20.05.2026
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা


20.05.2026


20/05/2026


20/05/2026